

৭. সম্প্রতি কর্মকান্ড:

* বিএসটিআই খুলনা কর্তৃক চলতি অর্থ বছরে (২০১৭-২০১৮ এর এপ্রিল পর্যন্ত) ১৯৫টি বিশেষ অভিযান পরিচালনা করে সংশ্লিষ্ট আদালতে ৮৪টি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় ৬৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৮৫টি মামলা দায়ের করা হয়।

* পণ্যের গুণগতমান নিশ্চয়তা বিধানের লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরের এপ্রিল, ২০১৮ পর্যন্ত ১২০২টি নমুনা পরীক্ষা করে ৩৪৯টি পণ্যের অনুকূলে সিএম সনদ প্রদান/নবায়ন করা হয়েছে এবং ফরমালিনের উপস্থিতি পরীক্ষার জন্য খোলা বাজার হতে ১২০টি পণ্য (আপেল, কমলা, পেয়ারা, মাল্টা, আঙ্গুর, আম, লিচু) ক্রয় করে পরীক্ষা করা হয়েছে।

* ২০১৭-২০১৮ অর্থবছরের এপ্রিল, ২০১৮ পর্যন্ত ২২৯টি পেট্রোল পাম্প, ৩৭৩২টি জুয়েলারী, ৩০৫টি রড সিমেন্ট এর দোকানের ওজন/পরিমাপক/ওজনযন্ত্র এর সঠিকতা যাচাই করা হয়েছে। এছাড়াও ১৫টি শিল্প প্রতিষ্ঠানের ল্যাবরেটরীতে ব্যবহৃত প্রিশিসন ইলেকট্রনিক ব্যালেন্স এর ক্যালিব্রেশন পূর্বক সনদ প্রদান করা হয়েছে।